চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

উত্তর কাট্টলীতে সন্ত্রাস,জঙ্গিবাদ,মাদক ও দুর্নীতি বিরোধী সমাবেশ অনুষ্ঠিত

যে পরিবারে একজন মাদকসেবী থাকে

সেই পরিবারের দুঃখের সীমা থাকেনা-মেয়র

চট্টগ্রাম-০৫ মার্চ-২০১৯ইংরেজী।

যে পরিবারে একজন মাদকসেবী থাকে সেই পরিবারের দুঃখের সীমা থাকেনা উল্লেখ করে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন বলেছেন সন্ত্রাস,জঙ্গিবাদ,মাদক ও দুর্নীতির বিরুদ্ধে আমাদের সকলকে আরো অনেক বেশী সচেতন হতে হবে। আজ মঙ্গলবার দুপুরে উত্তর কাট্টলী ওয়ার্ড এর উদ্যোগে আয়োজিত সন্ত্রাস,জঙ্গিবাদ,মাদক ও দুর্নীতি বিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র একথা বলেন। ওয়ার্ড কাউন্সিলর ড.আলহাজ্ব নিছার উদ্দিন আহমেদ মনজুর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে চসিক আইন শৃংখলা স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান কাউন্সিলর এইচ.এম.সোহেল, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ, নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আকতার, মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের সহকারী পরিচালক মো. এমদাদুল ইসলাম বিশেষ অতিথির বক্তব্য রাখেন। সভায় স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের মধ্যে আলহাজ্ব সোলতান আহমদ চৌধুরী,কাজী আলতাপ হোসেন,মোহাম্মদ লোকমান আলী, মোহাম্মদ ইসলাম চৌধুরী,গিয়াস উদ্দিন জুয়েল, মোহাম্মদ ইকবাল চৌধুরী,হাবিবুর রহমান, আবুল কালাম আবু ,প্রকৌশলী তরুন তপন দত্ত, মুনমুন চৌধুরী,মিলি চৌধুরী, শফিউল আলম চৌধুরী, আবু সুফিয়ান ও রোকন উদ্দীন প্রমুখ বক্তব্য রাখেন। তিনি বলেন চট্টগ্রাম নগরীতে সন্তাস,জঙ্গিবাদ, মাদক ও দুর্নীতিমুক্ত করতে জনসম্পৃক্ততা এবং জনসচেতনতা জন্য ওয়ার্ড ভিত্তিক কার্যক্রম পরিচালনা করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ২০১৭ সাল থেকে চলে আসছে এই কর্মসুচি। এই প্রসংগে কমিটিকে আনুষ্ঠানিকতার মধ্যে না রেখে আক্ষরিক অর্থে বাস্তবায়নের পরামর্শ দেন মেয়র। তারই প্রেক্ষিতে পাক্ষিক কিংবা মাসে বৈঠককরণ,এলাকার ক্রমবর্ধন অবস্থা সম্পর্কে আলাপ-আলোচনা ভিত্তিতে আইন শৃংখলা কমিটিকে রিপোর্ট প্রদান। এতে এলাকার মানুষের মধ্যে আশার আলো জাগবে। অপরদিকে মাদক,সন্ত্রাস ,জঙ্গিবাদ ও দুনীতিবাজদের মধ্যে ভীতি সৃষ্ঠি হবে। মাদকাসক্তি বা জঙ্গি মানসিকতা মানুষের সঙ্গে যদি কেউ মেলামেশা করছে বলে জানা যায় তবে তা বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং নিজেদের দ্বারা তা সম্ভব না হলে পরিবারের পিতা-মাতা,অভিভাবক, সমাজপতি,কাউন্সিলর এবং সংশ্লিষ্ট সরকারি সংস্থাকে জানানোর আহবান জানান মেয়র। তিনি বলেন বর্তমান সময়ে মাদকসেবী ও মাদক বিক্রেতাদের সংখ্যা বেড়ে গিয়েছে। ইতোমধ্যে নগরীর সন্ত্রাসী মাদকাসক্তদের তালিকা পুলিশ প্রশাসনের নিকট প্রদান করা হয়েছে। তবে এই তালিকা শেষ নয় পর্যায়ক্রমে আরো অপরাধীদের তালিকা প্রশাসনের কাছে হস্তান্তর করা হবে। আমাদের উন্নয়নের এ অগ্রগতিকে বাঁধাগ্রস্ত করতে ষড়যন্ত্রকারীরা উঠে পড়ে লেগেছে। আমাদের যুব সমাজকে ধ্বংস করতে বিভিন্ন ষড়যন্ত্র করছে। কিন্তু যার ভেতরে নূন্যতম দেশপ্রেম আছে সে কখনোই কোন মাদক ব্যবসায়ী বা ষড়যন্ত্রকারীকে প্রশ্রয় দিতে পারেনা। মেয়র নগরীকে দলমত নিবিশেষে মাদক, জঙ্গী ও সন্ত্রাস ও দুনীতিমুক্ত শহরে পরিণত করার ঘোষনা দেন ।

প্রেস বিজ্ঞপ্তি

যুব রেড ক্রিসেন্ট ক্যাম্প-২০১৯ উদ্ধোধন

মানবতার কাজে রেড ক্রিসেন্ট আন্দোলনকে

আরো বেগবানের আহবান মেয়রের

চট্টগ্রাম-০৫ মার্চ-২০১৯ইংরেজী।

মানব প্রেমে উদ্বুদ্ধ হয়ে মানবতার কাজের রেড ক্রিসেন্ট স্বেচ্ছাসেবকদেরকে পড়ালেখার পাশাপাশি রেড ক্রিসেন্ট আন্দোলনকে আরও বেগবান করার আহবান জানিয়েছেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি ইউনিটের চেয়ারম্যান ও সিটি মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন। তিনি আজ মঙ্গলবার সকালে হালিশহর সরকারি শারীরিক শিক্ষা কলেজ এর মাঠে অনুষ্ঠিত “যুব নেতৃত্বে এগিয়ে যাবো, সম্ভাবনার দুয়ার খুলবো” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, চট্টগ্রাম সিটি ও জেলা ইউনিটের পৃষ্ঠপোষকতায় এবং যুব রেড ক্রিসেন্ট, চট্টগ্রামের আয়োজনে “৬ষ্ঠ বিভাগীয় যুব রেড ক্রিসেন্ট ক্যাম্প-২০১৯, চট্টগ্রাম” এর উদ্ধোধনী বক্তব্যে সিটি মেয়র একথা বলেন। অনুষ্ঠানে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হাফিজ আহমেদ মজুমদার এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। হাফিজ বলেন ১৯১টি দেশের মধ্যে অন্যতম হচ্ছে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি। বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগ ও মানবসৃষ্ঠ দুর্যোগ মোকাবিলায় রেড ক্রস রেড ক্রিসেন্ট বিদেশিদের কাছে এখন রোল মডেল। বিদেশী ডেলিগেটরা বাংলাদেশ রেড ক্রিসেন্ট স্বেচ্ছাসেবকদের ভূয়সি প্রসংশা করছে। অনুষ্ঠানে আগামী ২০২১ সালের জানুয়ারি মাসে জাতীয় যুব ক্যাম্প এই নানন্দিক চট্টগ্রামে অনুষ্ঠানের ঘোষণা দেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হাফিজ আহমেদ মজুমদার এম.পি। তিনি বলেন ক্যাম্পের লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে রেড ক্রিসেন্ট এর যুব স্বেচ্ছাসেবকদের নেতৃত্ব উন্নয়ন, নৈতিক শিক্ষা, সামাজিক মূল্যবোধ ও সময়োপযোগী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং আন্তর্জাতিক মানের যুব নেতৃত্ব গড়ে তোলা। ক্যাম্পে যে বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে, তা হল ব্যক্তিগত উন্নয়ন মূলক প্রশিক্ষণ পুষ্টিগত ধারণা, নিরাপদ সড়ক, সাফল্যের গল্প, নাগরিক অগ্রগতিতে যুবদের ভাবনা, সামাজিক মূল্যবোধ, নারীদের বিশ্বব্যাপী পদচারণা রেড ক্রস রেড ক্রিসেন্ট আচরণবিধি, বয়ঃসন্ধিকাল, দলগত উন্নয়ন, প্রতীকের ব্যবহার, মাদকের অপব্যবহার, পারিবারিক যোগাযোগ পুনঃস্থাপন, শারীরিক সুস্থতা ও শৃঙ্খলা, সেচ্ছাসেবা, সমালোচনামূলক চিন্তা ও সিদ্ধান্ত গ্রহণের কৌশল, দুর্যোগে সাড়া প্রদান ও পূর্ব প্রস্তুতি বলে তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠান উদ্বোধক সিটি মেয়র বলেন নেতৃত্ব বিকাশের জন্য প্রশিক্ষণের কোন বিকল্প নেই। আজকের যুব শক্তি আগামীর সম্ভাবনা। দেশে শান্তি বিরাজ করার জন্য রেড ক্রিসেন্ট সর্বদা কাজ করে যাচ্ছে। এ যুবরাই হচ্ছে সকলের গর্ব। বিভিন্ন দুর্যোগে ঝাপিয়ে পড়ে যুব স্বেচ্ছাসেবকরা।এর প্রতিফলন সাম্প্রতিক সময়ে ঢাকার চকবাজার ট্রেজেডিতে দেখতে পাই। এই প্রসংগে মেয়র বলেন মানবসেবা,নৈতিক ও মানবিক গুণাবলীর বিকাশ এবং বন্ধুত্বের পরিধি বিস্তৃত করতে যুব রেড ক্রিসেন্ট নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এই যুব সমাজই আগামী দিনে দেশ ও জাতির নেতৃত্ব দিবে। তিনি বলেন প্রধানমন্ত্রীর নেতৃত্বে দ্রুতগতিতে দেশ এগিয়ে যাচ্ছে। এই সরকার ইতোমধ্যে রুপকল্প ২০৪১ ঘোষনা করেছে। এই সময়ের মধ্যে বাংলাদেশ একটি দারিদ্র্য মুক্ত বাংলাদেশ হিসেবে গড়ে উঠবে। সেই লক্ষ্যে পৌঁছাতে আপনারাই হলেন মুল চালিকা শক্তি। যারা এখন নতুন প্রজন্ম স্কুল, কলেজ,বিশ্ববিদ্যালয় ,মাদ্রাসা শিক্ষার্থী তারাই হলেন এর মুল কারিগর। সেই হিসেবে আপনাদেরকে অবশ্যই দক্ষ এবং বিশ্বমানের নাগরিক হিসেবে আপনাদের গড়ে উঠতে হবে । তিনি বলেন আপনারা শুধু মানুষ নয়,আলোকিত সমৃদ্ধ মানুষ হিসেবে গড়ে উঠতে হবে। এ ক্ষেত্রে আপনারা রেড ক্রিসেন্ট আন্দোলন মানবেতর সেবায় নিজকে নিয়োজিত রাখার অঙ্গীকার ব্যক্ত করেছেন তা নয়,যেখানে মানবতা লংঘিত হচ্ছে, সেখানে এগিয়ে যাবেন তাও নয়,আপনারা যখন কর্মময় জীবনে প্রবেশ করবেন সেইসময় আপনি যেখানে অবস্থান করেন না কেন, এই জায়গা থেকে দেশকে তার কাংখিত লক্ষ্যে পৌঁছিয়ে দিতে কার্যকর ভুমিকা রাখবেন বলে তিনি প্রত্যয় ব্যক্ত করেন। সিটি মেয়র এও আশাবাদ ব্যক্ত করেন যে,প্রাতিষ্টানিক শিক্ষার পাশাপাশি নৈতিক শিক্ষাকে অবলম্বন করবেন,নৈতিক শিক্ষার অধিকারী হয়ে মুল্যবোধ সম্পন্ন সত্যিকারে দেশ প্রেমিক, পুর্ণাঙ্গ আলোকিত মানুষ হবেন। আপনরা নিজেরাই আলোকিত হবেন, আলো ধারণ করবেন এবং আপনাদের আলোই সমাজ ও দেশকে আলোকিত করবেন। পাশাপাশি একজন রেডক্রিসেন্ট সোসাইটির একজন স্বেচ্ছাসেবী হিসেবে আপনারা সমজ ও দেশের নেতৃত্ব দেবেন বলে মেয়র উল্লেখ করেন।

রেড ক্রিসেন্ট চট্টগ্রাম জেলা ইউনিটের ভাইস চেয়ারম্যান ও ম্যানেজিং বোর্ড সদস্য ডাঃ শেখ শফিউল আজম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ট্রেজারার এডভোকেট তৌহিদুর রহমান, সোসাইটির মহাসচিব ফিরোজ সালাহউদ্দিন, ম্যানেজিং বোর্ড সদস্য লুৎফর রহমান চৌধুরী হেলাল, এডভোকেট শিহাব উদ্দিন শাহিন, শেখ রাইসুল আলম ময়না, রবিন্দ্র মোহন সাহা, আলহাজ্ব গাজী মোজাম্মেল হোসেন টুকু, চট্টগ্রাম সিটি ইউনিটের ভাইস-চেয়ারম্যান ও ম্যানেজিং বোর্ড সদস্য এম.এ ছালাম, সিটি ইউনিটের সেক্রেটারী আবদুল জব্বার, সরকারী শারীরিক শিক্ষা কলেজ এর অধ্যক্ষ পারভিন লায়লা এবং ক্যাম্প প্রধান স্বেচ্ছাসেবক ও ক্যাম্প মার্শাল ইসমাইল হক চৌধুরী ফয়সাল প্রমুখ বক্তব্য রাখেন। এবারের ক্যাম্পে ৭টি মূলনীতি ও নীতিমালার সাথে মিল রেখেই যথাক্রমে মানবতা, পক্ষপাতহীনতা, নিরপেক্ষতা, স্বাধীনতা, স্বেচ্ছামূলক সেবা, একতা, সার্বজনীনতা ও সেবাব্রতী ৮টি সাবক্যাম্প রয়েছে। উক্ত যুব ক্যাম্পে জেলা ও সিটি ইউনিটের আওতাধীন ২০০ টি শিক্ষা প্রতিষ্ঠান ও চট্টগ্রাম বিভাগের অন্যান্য জেলা হতে প্রায় ২০০০ জন যুব সদস্য ও দায়িত্বপ্রাপ্ত শিক্ষক অংশগ্রহণ করে।

প্রেস বিজ্ঞপ্তি

দেওয়ান বাজার ওয়ার্ড আওয়ামী লীগের
সদস্য নবায়ন ও ফরম বিতরন অনুষ্ঠান অনুষ্ঠিত

চট্টগ্রাম-০৫ মার্চ-২০১৯ ইংরেজী।

বাংলদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ভিশন ২০৪১ বাস্তবায়নে ও সুখী স্বনির্ভর সমৃদ্ধশীল বাংলাদেশ গড়তে বাংলাদেশ আওয়ামী লীগের সকল নেতাকর্মীকে একযোগে কাজ করার আহবান জানিয়েছেন মহানগর আওয়ামীলীগ এর সাংগঠনিক সম্পাদক ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী। তিনি বলেন মাননীয় প্রধান মন্ত্রী ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্য আয়ের দেশ ও ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ রূপান্তরের ঘোষনা দিয়েছেন। এ লক্ষ্য মাত্রাকে সামনে রেখে দলের নেতা-কর্মীদের কাজ করে যেতে হবে। আজ মঙ্গলবার সকালে নগরীর দেওয়ান বাজার ওয়ার্ডে বাংলাদেশ আওয়ামী লীগের সদস্য নবায়ন ও ফরম বিতরন কালে প্রধান অতিথির বক্তব্যে চৌধুরী হাসনী একথা বলেন। এ উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ৩ নং ইউনিট আওয়ামীলীগ এর সাধারন সম্পাদক শামসুল আলম মোঃ ফারুক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আন্‌জুমান আরা বেগম। প্রধান বক্তা ছিলেন ২০নং দেওয়ান বাজার ওর্য়াড আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু তৈয়ব সিদ্দিকী । মঞ্চে উপস্থিত ছিলেন ২০নং দেওয়ান বাজার ওর্য়াড আওয়ামীলীগের সহ সভাপতি আবুল কালাম আজাদ, যুগ্ন সাধারন সম্পাদক আবু সুফিয়ান সিদ্দিকী , প্রচার সম্পাদ আবদুল্লাহ আল- হারুন মুক্তিযুদ্ধ বিষয়ক সম্পাদক ২০নং দেওয়ান বাজার ওর্য়াড মোঃ ইসহাক, ৩ নং ইউনিট আওয়ামীলীগ সভাপতি শামসুল আলম ও স্থানীয় আওয়ামীলীগের নেতা-কর্মী।

পরে সদস্যদের মাঝে নবায়ন ও সদস্য পদের ফরম বিতরন করা হয়।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন